সংবাদ

তারিখ 31 MAR 2017
পৃষ্ঠা ১০ কলাম ৯



বালিয়াকান্দির একটি স্কুলে স্টুডেন্ট ক্যাবিনেট নির্বাচনে ভোট দেয়ার অপেক্ষায় সারিবদ্ধভাবে দাঁড়িয়ে শিক্ষার্থীরা -সংবাদ

সংবাদ জাতীয় ডেস্ক

গতকাল বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে স্টুডেন্ট ক্যাবিনেট নির্বাচন সম্পুন্ন হয়েছে। বিস্তারিত সংবাদ প্রতিনিধিদের পাঠানো খবরে–

## চৌগাছা (যশোর)

যশোরের চৌগাছায় বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে স্টুডেন্ট কেবিনেট নির্বাচন সম্পন্ন হয়েছে।
গতকাল বৃহস্পতিবার সকাল আটটা থেকে বিরতিহীন ভাবে দুপুর ১টা পর্যন্ত ভোট গ্রহণ শেষে নির্বাচনের ফলাফল ঘোষণা করা হয়। উপজেলার ৬৮টি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় এই ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। নির্বাচন উপলক্ষে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থীদের মধ্যে বিপুল উৎসাহ উদ্দীপনা দেখা যায়। শিক্ষার্থীরা তাদের স্কুলগুলোকে নানা রং বে-রঙের ব্যানার ফেস্টুন ও রঙিন কাগজের ফুল দিয়ে সাজিয়ে রাখে। নির্বাচনে প্রার্থী শিক্ষার্থী ও তাদের এজেন্টরা দল বেধে শিক্ষার্থীদের নিকট ভোট প্রার্থনা করে। কিছু কিছু প্রতিষ্ঠানে দেখা গেছে অভিভাবকরা তাদের সন্তানদের ভোট দেখতে এসেছেন। এর আগে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস থেকে জানিয়ে দেয়া হয় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে অবশ্যই নির্বাচনের মাধ্যমে স্টুডেন্ট কেবিনেট নির্বাচিত করতে হবে। কোন অবস্থাতেই ভোট ছাড়া কেবিনেট গঠন করা যাবে না।
এছাড়া উপজেলার বর্ণি-রামকৃষ্ণপুর মাধ্যমিক বিদ্যালয়ে সম্প্রতি পিকনিক বাস দুর্ঘটনায় শিক্ষক, ৩ শিক্ষার্থীসহ নিহত ৬ জনের উদ্দেশ্যে ভোটের লাইনে দাড়িয়ে এক মিনিট নিরবতা পালন করে শিক্ষার্থীরা।

## বালিয়াকান্দি (রাজবাড়ী)

শিক্ষার্থীদের মধ্যে নেতৃত্বের বিকাশ ঘটাতে রাজবাড়ীর বালিয়াকান্দি উপজেলার ৪৪টি স্কুল-মাদরাসায় বৃহস্পতিবার স্টুডেন্ট ক্যাবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এ নির্বাচনকে কেন্দ্র করে স্কুল-মাদরাসায় শিক্ষার্থীদের মাঝে উৎসবের আমেজ বিরাজ করে। বালিয়াকান্দি পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের নির্বাচন অফিসার দশম শ্রেণীর ছাত্রী তমালিকা বিশ্বাস জানায়, এ নির্বাচনে মোট ভোটার ৯১৫ জন। প্রার্থী সংখ্যা ১৭ জন। নির্বাচিত হবে ৮ জন। প্রিজাইডিং অফিসার একজন, সহকারী প্রিজাইডিং অফিসার ৮ জন, পোলিং অফিসার ১৬ জন, আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য ১৭ জন নিয়ে এ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। ভোট গণনার পর বিজয়ীদের নাম ঘোষণা করা হবে। বালিয়াকান্দি পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান নির্বাচন অফিসার নয়ন দেবনাথ জানায়, বিদ্যালয়ে মোট ভোটারের সংখ্যা ৯৮১ জন। প্রার্থী ১৪ জন। বিজয়ী হবে ৮ জন। প্রিজাইডিং অফিসার ৫ জন, সহকারী ৫ জন, পোলিং অফিসার ৫ জন, আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য ১৫ জন। সকল ক্ষেত্রে শিক্ষার্থীরা দায়িত্ব পালন করে। একজনকে আচরণ বিধি লঙ্ঘন করায় সতর্ক করা হয়। উপজেলা শিক্ষা অফিসার মোঃ আবুল কালাম আজাদ জানান, সারা দেশের ন্যায় উপজেলার ৭টি ইউনিয়নে ৩২টি মাধ্যমিক বিদ্যালয় ও ১২টি মাদরাসায় এক যোগে স্টুডেন্ট ক্যাবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। প্রার্থীরা হাতে লেখা পোস্টার টাঙ্গায়। নির্বাচনে উৎসব মুখর পরিবেশের সৃষ্টি হয়।

## চরভদ্রাসন (ফরিদপুর)

ফরিদপুরের চরভদ্রাসন উপজেলায় গত বুধবার স্টুডেন্ট ক্যাবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। উপজেলার ১১টি মাধ্যমিক স্কুল ও একটি মাদ্রাসাসহ মোট ১২টি শিক্ষা প্রতিষ্ঠানে ৮ সদস্য বিশিষ্ট কেবিনেট গঠনের নির্দশনা রয়েছে। জানা গেছে, ২০১৫ সালে বছর পরীক্ষামূলকভাবে চরভদ্রাসনে বাহারুলউলুম দাখিল মাদ্রাসা ও চরভদ্রাসন পাইলট হাইস্কুলকে নির্বাচনের জন্য নির্ধারণ করা হয়। সফল পর্যবেক্ষণের পর সরকারী সিদ্ধান্ত অনুযায়ী প্রতিবছর উপজেলার সকল স্কুলে নির্বাচন অনুষ্ঠিত হয়ে আসছে।

শিশুকাল হতে গণতন্ত্র চর্চা ও গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল হওয়া, অন্যের মতামতের শ্রদ্ধা প্রদর্শন, শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ ভর্তি ও ঝরেপড়া রোধ করা এ জাতীয় বিভিন্ন গঠনমূলক উদ্দেশ্যকে বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার এ পদক্ষেপ গ্রহণ করেছেন। সরজমিনে বিভিন্ন স্কুল পরিদর্শন করে দেখা যায় ছাত্র ছাত্রীদের মধ্যে ভোটাধিকার প্রয়োগের উৎসব মুখর পরিবেশ সৃষ্টি হয়েছে। ব্যপক উৎসাহ নিয়ে লাইনে দাঁড়িয়ে ভোট প্রদানের জন্য অপেক্ষায় থাকে ছাত্র ছাত্রীরা। নির্বাচনের সার্বিক অবস্থা সম্পর্কে জানতে চাইলে চরভদ্রাসন পাইলট উচ্চ বিদ্যালয়ের নির্বাচন কমিশনার দশম শ্রেণীর ছাত্র ওয়ালিউল্লাহ জানায় দু একজন অভিবাবক এসে প্রভাব বিস্তার করতে চাইলেও আমাদের অনুরোধে তারা চলে যান। আমরা খুব আনন্দিত গণতন্ত্র চর্চার এধরনের কার্যক্রমের সাথে সম্পৃক্ত হতে পেরে। চরভদ্রাসন পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক নজরুল ইসলাম জানান ক্যাবিনেট নির্বাচনে সরকারের দর্শন অত্যন্ত প্রশংসনীয় হয়েছে। তবে নিয়ন্ত্রণ ও নির্বাচনে ব্যয়ের ব্যাপারে বাজেট বরাদ্দ করা প্রয়োজন। গত দুবছর নির্বাচন কেন্দ্রে প্রশাসনিক কর্মকর্তাদের তাঁদারকি লক্ষকরা গেলেও এবছর প্রশাসনের কাউকেই সক্রিয়ভাবে নির্বাচনী স্কুলগুলোতে না পাওয়ায় ক্ষোভ প্রকাশ করেন অনেক শিক্ষক। এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আবদুস সালামের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান অমি নবাবগঞ্জ আছি। তাছাড়া ছোটদের নির্বাচন এত তদারকির কিছু নাই। ১২টি প্রতিষ্ঠানে মোট ১৩৬ জন প্রার্থী কে ৪৭৩৭ জন ছাত্রছাত্রী ভোট দিতে পারবে।